



Ref. : ৬১৫৫(২)/নত-প্র/১১/২০২৪

তারিখ : ২৬-১১-২০২৪ খ্রি.

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও সংলগ্ন এলাকার ভাসমান দোকানদার ও ফুডকোর্ট ব্যবসায়ীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, যত্রতত্র ভাসমান দোকান ও ফুডকোর্ট বসানোর কারণে ক্যাম্পাসের সার্বিক শৃঙ্খলা, সৌন্দর্য ও পরিচ্ছন্নতা বিঘ্নিত হওয়ার অভিযোগ পাওয়া যাচ্ছে। এমতাবস্থায়, প্রক্টরিয়াল টিমের তদন্তে রেল স্টেশন, শহীদ মিনার ও কেন্দ্রীয় খেলার মাঠসহ বিশ্ববিদ্যালয়ের যত্রতত্র দোকান বসানোর কারণে সার্বিক নিরাপত্তা, শৃঙ্খলা ও পরিচ্ছন্নতা বিঘ্নিত হওয়ার প্রমাণ পাওয়া গেছে। ভাসমান দোকান ও ফুডকোর্ট বসানো সংক্রান্ত কোন নীতিমালা না থাকায় ভাসমান দোকানদারদের দ্বারা ব্যাপক অপরিচ্ছন্নতা ও স্টেশনের প্লাটফর্মে শিক্ষার্থীদের ট্রেনে উঠানামার ক্ষেত্রে চরম অসুবিধা তৈরি করেছে। অধিকন্তু পরিচ্ছন্নতা বিনষ্ট হওয়ার পাশাপাশি ক্যাম্পাসের সৌন্দর্য ও জীববৈচিত্র্য ক্ষতিগ্রস্ত হচ্ছে। এমতাবস্থায়, ক্যাম্পাস এলাকায় ভাসমান দোকান ও ফুডকোর্ট স্থাপন করতে নিম্নোক্ত শর্ত অবশ্যই পালনীয়:

- ১। ২৬-১১-২০২৪ তারিখ থেকে প্রক্টর অফিসের অনুমতি ছাড়া ছোট কিংবা বড় কোন ধরনের ভাসমান দোকান বা ফুডকোর্ট বসানো যাবে না।
- ২। ভাসমান দোকান ও ফুডকোর্টের মালিককে অবশ্যই বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নীতিমালা অনুসরণ করতে হবে।
- ৩। প্রক্টর অফিস কর্তৃক নির্ধারিত জায়গার বাইরে কোন দোকান বসানো যাবে না।
- ৪। অনুমোদন প্রাপ্ত ব্যক্তি নিজের নামে দোকানের অনুমতি নিয়ে অন্যকাউকে দিয়ে দোকান পরিচালনা করতে পারবেন না।
- ৫। প্রত্যেক ভাসমান দোকান ও ফুডকোর্টের মালিককে প্রক্টর অফিসে যথাযথ তথ্য-উপাত্ত জমাদানের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে।
- ৬। কোন অবস্থাতেই স্টেশনের প্লাটফর্ম ও সিড়ি এলাকা, শহীদ মিনারের চারপাশের রাস্তা, কেন্দ্রীয় খেলার মাঠের টেনিস কোর্টের পাশ ও মূল মাঠে দোকান বসানো যাবে না।
- ৭। বহিরাগত কোন ব্যক্তি ভাসমান দোকান করতে পারবেন না।
- ৮। অবৈধভাবে কোন স্টাফ কিংবা ক্যাম্পাসের লাইন থেকে পানি ও বিদ্যুৎ ব্যবহার করা যাবে না।
- ৯। বর্তমানে স্থাপিত সকল ভাসমান দোকান ও ফুডকোর্টের মালিককে ২ দিনের মধ্যে যথাযথ তথ্য উপাত্তসহ প্রক্টর অফিসে এসে তালিকাভুক্ত হতে হবে।

উল্লিখিত শর্তসমূহের ব্যত্যয় ঘটলে প্রক্টরিয়াল টিম যে কোন ভাসমান দোকানকে বিনা নোটিশে উচ্ছেদ করবে।

(অধ্যাপক ড. তানভীর মোহাম্মদ হায়দার আরিফ)

প্রক্টর

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

(মো: নুরুল হামিদ)

সহকারী প্রক্টর

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম
মোবাইল নং- ০১৫২১-২২২৯৩১

26.11.24